

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সুরক্ষা সেবা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রশাসন-৩ অধিশাখা

[www.ssd.gov.bd](http://www.ssd.gov.bd)



**বিষয়: সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বুকলেট প্রণয়ন কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : মোহাম্মদ আজহারুল হক  
 অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ

তারিখ : ০৭ জুলাই, ২০২০

সময় : বেলা ১২.০০ টা

স্থান : ভার্চুয়াল (Zoom Online Platform) ভিডিও কনফারেন্স

**উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ সদয় দ্রষ্টব্য।**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি, সভার শুরুতেই জানান, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের মেয়াদকালে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতায় প্রশীল আইন ও বিধি এবং বিভিন্ন সেক্টরে গৃহীত নীতি-কৌশলের কারণে দেশের কাঠামোগত পরিবর্তন, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, দারিদ্র্য বিমোচনসহ গণমানুষের জীবনমান ও সামাজিক ক্ষেত্রে সাধিত উন্নয়ন সংক্রান্ত মন্ত্রণালয়/বিভাগ/সেক্টরভিত্তিক বুকলেট প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে স্ব অবস্থানে থেকে বুক লেট প্রণয়ন সম্পর্কিত পত্রের বিষয়বস্তুর পরিশ্রেণ্খিতে তাঁর দপ্তর সংশ্লিষ্ট তথ্যাদি প্রেরণের নিমিত্ত আন্তরিকভাবে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য ড. তরুণ কাণ্ঠি শিকদার, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এতদসংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবকে অনুরোধ করেন।


অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন সকল অধিদপ্তরসমূহে ‘বুকলেট প্রণয়ন’ কমিটি গঠন করে খসড়া বুকলেট প্রণয়ন করে ১২ জুলাই ২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে সফট কপি ই-মেইল :[admin3@ssd.gov.bd](mailto:admin3@ssd.gov.bd) যোগে এবং হার্ড কপি সরাসরি প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে।
- বাংলাদেশ : অগ্রগতি ও সমৃদ্ধির দশ বছর (২০০৯-২০১৮), বার্ষিক প্রতিবেদন, ইনোভেশন, সিটিজেন চার্টার এবং নির্বাচনী ইঙ্গেহার ইত্যাদি বিষয়/প্রতিবেদন-এর প্রেক্ষাপটে তথ্য সংগ্রহ করে এবং শাখা/দপ্তরে রাঙ্কিত নথি সর্বোপরি মেধা ও মননশীলতার সমন্বয়ে অঙ্গ কথায় অধিক ভাবপ্রকাশক শব্দে (ক্যাচ ওয়ার্ড) সহজ ও প্রাঞ্জল ভাষায় বুকলেট এর খসড়া প্রস্তুত করতে হবে।
- নিম্নবর্ণিত হক মোতাবেক প্রত্যেক অধিদপ্তর হতে কমপক্ষে ৫০টি করে (প্রশিক্ষণযোগ্য কিংবা উল্লেখযোগ্য) উন্নয়ন/সেবার তালিকা প্রস্তুতপূর্বক প্রেরণ করতে হবে:

ক্র. (Sl.)	উন্নয়ন/সেবার নাম (Name of Development /Service)	প্রেক্ষিত (Perspective)	১৯৯৬-এর পূর্বের অবস্থা (Before 1996)	বাস্তবায়ন শুরুর তারিখ (Date of Commencement)	বর্তমান অবস্থা (Current Situation)	পরিবর্তিত অবস্থা (সংখ্যা) (Changed Status/ Number)	আর্থিক সংশ্লেষ (Financial Implication)	অর্জন (Outcome)	গণমানুষের জীবনমানের উপর এর প্রভাব (Impact)	মন্তব্য (Comment)
------------	--	-------------------------	--------------------------------------	---	------------------------------------	--	--	-----------------	--	-------------------

- |  |  |  |  |  |  |  |  |  |
|--|--|--|--|--|--|--|--|--|
|  |  |  |  |  |  |  |  |  |
|--|--|--|--|--|--|--|--|--|
- আগামী ১২ জুলাই ২০২০ তারিখ দুপুর ২.৩০ ঘটিকায় পরবর্তী সভা ভার্চুয়াল (Zoom Online Platform) ভিত্তিও কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।
  - অনুবিভাগ প্রধানগণ তাদের অনুবিভাগ হতে বুকলেট সম্পর্কিত বর্ণিত পত্র ও এ সভার মতামতের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় তথ্যাদি - প্রেরণ করার জন্য প্রত্যেক অনুবিভাগ হতে একজন ফোকাল পয়েন্ট নির্বাচন করে তথ্য এ বিভাগের প্রশাসন-৩ শাখায় প্রেরণ নিশ্চিত করা।
  - ১২.০৭.২০২০ তারিখের সভায় খসড়া চূড়ান্তপূর্বক সচিব মহোদয়ের নিকট উপস্থাপন, অতঃপর বুকলেট চূড়ান্তকরণের পর প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে ধ্যানে জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোহাম্মদ আজহারুল হক)

অতিরিক্ত সচিব  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

তারিখ : ২৩ জুলাই ১৪২৭  
০৭ জুলাই ২০২০

৫৮.০০.০০০০.০১৪.৯৯.০০১.২০-১০৩

বিতরণ:

১. মোহাম্মদ আজহারুল হক, অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ
২. ড. তরুণ কান্তি শিকদার, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ
৩. সৈয়দ বেলাল হোসেন, অতিরিক্ত সচিব (কারা ও উন্নয়ন অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ
৪. জনাব মোঃ মুনিম হাসান, যুগ্মসচিব (আইন ও শৃঙ্খলা অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ
৫. জনাব মল্লিক সাইদ মাহবুব, যুগ্মসচিব (অগ্নি অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ
৬. জনাব মোঃ হামিদুর রহমান খান, যুগ্মসচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ
৭. মো: আজিজুল ইসলাম, পরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৮. মোঃ হাবিবুর রহমান, পরিচালক (প্রশাসন ও অর্থ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৯. কর্ণেল মোঃ আবরার হোসেন, অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর
১০. মোঃ শিহাব উদ্দিন খান, পরিচালক (প্রশাসন ও অর্থ), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

অনুলিপি :

১. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা;
৩. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা;
৪. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
৫. সচিব-এর একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।



০৭.০৭.২০২০  
(মোঃ আবদুল কাদির)  
উপসচিব